# বার্ষিক প্রতিবেদন ২০২৩
# ANNUAL REPORT 2023








সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)
Integrated Community Development Association (ICDA)

ICDA

# বার্ষিক প্রতিবেদন ২০২৩

## প্রকাশনা

**সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)**
শিক্ষক ভবন (৩য় তলা), বরিশাল।
মোবাইল: ০১৭২৭০৬৩৩৯৩ (অফিস), ০১৭২৭০৬৩৩৯৮ (উপ নির্বাহী পরিচালক)
**প্রকাশকাল:** ২৫ নভেম্বর ২০২৩

### সম্পাদক

**সালমা খান**
নির্বাহী পরিচালক

**আনোয়ার জাহিদ**
প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক

### সম্পাদনা সহযোগী

কাজী নওশাদ রাসেল
লক্ষণ চন্দ্র মুন্সী
ইউসুফ আলী হাওলাদার
আবু মো: আলী রেজা
ইসরাত জাহান
মো: ইব্রাহীম খান
মো: রাকিবুল ইসলাম

### ডিজাইন ও প্রচ্ছদ-অলংকরণ

ইউসুফ আলী হাওলাদার



ICDA

সূচীপত্র


| সূচীপত্র | পৃষ্ঠা |
| --- | --- |
| পটভূমি | ৪ |
| প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালকের কথা | ৫ |
| সভাপতির বাণী | ৬ |
| নির্বাহী পরিচালকের বাণী | ৭ |
| সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য | ৮ |
| সংস্থার নিবন্ধন কর্তৃপক্ষ | ৯ |
| সংগঠন ব্যবস্থাপনা নীতিমালার বৈশিষ্ট্য | ১০ |
| চলার পথে আমরা যাদের হারিয়েছি | ১১ |
| কার্যকরী পরিষদ | ১২ |
| সাধারণ পরিষদ | ১৩ |
| এজিএম গ্যালারি | ১৪ |
| ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রম | ১৫ |
| ক্ষুদ্রঋণ কার্যক্রমের কেসস্ট্যাডি | ১৯ |
| সমৃদ্ধি কর্মসূচি | ২২ |
| সিজেআরএফ প্রকল্প | ৩৫ |
| ডা. সৈয়দ হাবিবুর রহমান কল্যাণ ট্রাস্ট | ৩৬ |
| দূর্যোগ ব্যবস্থাপনা তহবিল | ৩৭ |
| অন্যান্য কার্যক্রম | ৩৮ |
| আর্থিক প্রতিবেদন | ৪০ |

# পটভূমি

বাঙ্গালী, উপজাতী, আদিবাসী ও বহু ধর্মাবলম্বী জনগোষ্ঠীর সমন্বয়ে আমাদের প্রিয় মাতৃভুমি বাংলাদেশ। সমগ্র জনগোষ্ঠীর সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা আমাদের হাজার বছরের ঐতিহ্য। শত শত বছরের আন্দোলন, সংগ্রাম, আত্মত্যাগ ও লক্ষ লক্ষ নর নারীর জীবনের বিনিময়ে অর্জিত হয়েছে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। পেয়েছি একটি মানচিত্র, পেয়েছি একটি পতাকা। কিন্তু অব্যাহত ভাবে দেশের সার্বিক উন্নয়ন, সমৃদ্ধি ও গণতন্ত্রের অগ্রযাত্রার পথে বাধা হচ্ছে অতীতের সেই চির চেনা অপশক্তিদের দ্বারা। আমরা দেশের সচেতন নাগরিক হিসেবে যা কোন ভাবেই মেনে নিতে পারিনা। এই ধারণার আলোকে ১৯৯০ খৃষ্টাব্দের বিশ্ব পরিস্থিতির প্রেক্ষাপটে প্রিয় মাতৃভূমি বাংলাদেশের যে অবস্থা বিরাজমান ছিল তাতে আমাদের উপলব্ধি হয়েছিল যে, দেশের অবস্থা ও অবস্থানের পরিবর্তন করতে হলে প্রয়োজন দেশপ্রেমিক সচেতন নাগরিকদের সমন্বয়ে সমাজ পরিবর্তনের লক্ষ্যে একটি সামাজিক আন্দোলন গড়ে তোলা। আর এই আন্দোলনের লক্ষ্য হচ্ছে দেশের সমগ্র জনগোষ্ঠীর সর্বস্তরের পেশাজীবী মানুষের মধ্যে নারী ও পুরুষের সমতা প্রতিষ্ঠা করা, সকল ক্ষেত্রে নারী ও পুরুষের সার্বিক ক্ষমতায়ন পর্যায়ক্রমে নিশ্চিত করা এবং পরিবার, সমাজ, সমাজের বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান এবং স্থানীয় সরকারের প্রতিটি পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধি করা। সকল ধরনের নারী ও শিশু নির্যাতন বন্ধ করা বিশেষ করে বাল্যবিবাহ, যৌতুক ও যৌন হয়রানী বন্ধ করা। দেশের সকল শিশু ও কিশোরদের অধিকার নিশ্চিত করে প্রিয় মাতৃভূমির ভবিষ্যৎ আলোকিত করা। দেশের অনগ্রসর দরিদ্র মানুষের উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অধিকার সচেতনতা বৃদ্ধি এবং অনবরতভাবে সেবা ও সহযোগিতামূলক কার্যক্রম পরিচালনা করা। সারা বিশ্বের আধুনিক প্রযুক্তি আমাদের দেশের জনগনের সার্বিক অবস্থা ও অবস্থানের বিবেচনায় বাস্তবে প্রয়োগের অঙ্গীকার নিয়ে ১৯৯০ খৃষ্টাব্দে সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) Integrated Community Development Association (ICDA) প্রতিষ্ঠা লাভ করে। শুরু থেকে এখন পর্যন্ত তার লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বিভিন্ন সামাজিক কার্যক্রমের মাধ্যমে সমাজ পরিবর্তনে কাজ করে যাচ্ছে।



## কথা

**প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক, প্রধান উপদেষ্টা**

সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) ১৯৯০ সাল থেকে দীর্ঘ ২৫ বছর বিভিন্ন ঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। সংস্থাটি সামাজিক দায়বদ্ধতার অঙ্গিকার নিয়ে যাত্রা শুরু করে। আমাদের অন্যতম মূল লক্ষ্য ছিল হতদরিদ্র, নিম্নবিত্ত নারী পুরুষের মধ্যে যে বৈষম্য বিরাজমান তাকে মোকাবেলা করে নারী পুরুষের সম অংশগ্রহণমূলক কার্যক্রম এবং নারীর ক্ষমতায়নের অবস্থা তৈরী করে দারিদ্র্য বিমোচন করা। আমরা সকলেই জানি, দরিদ্র নারী পুরুষের উন্নয়ন কখনোই ঝুঁকিমুক্ত নয়। তারপরেও দরিদ্র নারী পুরুষের জীবনমান উন্নয়নে আমরা নিরলসভাবে কাজ করে চলেছি। কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের জাতীয় জীবনে অনেক দূর্বিসহ পরিস্থিতির মধ্যে পথ চলতে হয়েছে। যার প্রভাব কোন কোন ক্ষেত্রে এখনও দৃশ্যমান। তারপরেও আমরা আমাদের ধারাকে রেখেছি গতিশীল, দূর্বিসহ পথকে চলার সাথী করে এগিয়ে চলছি সত্য, ন্যায় ও আলোর সন্ধানে।

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সংস্থা দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণ সেবা প্রদানের পাশাপাশি বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। আমরা খুব আশান্বিত যে, আমাদের কর্মএলাকার দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বোধ তৈরী করতে পেরেছি এবং তাঁরা এখন বুঝতে সক্ষম হয়েছে যে, কর্মে নিয়োজিত না হয়ে আত্মনির্ভরশীল হওয়া যায় না। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় আইসিডিএ'র ক্ষুদ্রঋণ সেবা প্রদানের মধ্য দিয়ে কর্মএলাকার হতদরিদ্র মানুষের অনেকেই এখন স্বাবলম্বী এবং অন্যরাও বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রমের মধ্যদিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করছে। ক্ষুদ্রঋণের সহায়তার পাশাপাশি পিকেএসএফ'র সহযোগিতায় সংস্থা সমৃদ্ধি কর্মসূচী বাস্তবায়ন করছে। বরিশাল জেলার মূলাদী উপজেলার কাজীরচর ইউনিয়নকে সমৃদ্ধ করার লক্ষ্যে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ঘর-বাড়ী নির্মাণ, বিদ্যুৎ, রাস্তা-ঘাট, স্যানিটেশন, ভিক্ষাবৃত্তি বন্ধ, বৃদ্ধদের পূনর্বাসন ও অসহায় মুক্তিযোদ্ধাদেরসহ আয়বৃদ্ধিমূলক কর্মসূচী পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। সমৃদ্ধি কার্যক্রমের ফলে কাজিরচর ইউনিয়নে মানুষের মধ্যে আজ উন্নত জীবনের স্বপ্ন বাস্তবায়নে আশার আলো সঞ্চারিত হচ্ছে।

আইসিডিএ ৩১ বছরের অভিজ্ঞতার আলোকে আমরা এই উপলব্ধি অর্জন করতে সক্ষম হয়েছি যে, দারিদ্র্যের রয়েছে বহুমাত্রিক দিক তাই দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রমের ভূমিকা অনস্বীকার্য হলেও এক মাত্র উপায় বলার কোন অবকাশ নেই। এই কার্যক্রমের মধ্য দিয়ে গ্রামগঞ্জে হতদরিদ্র মানুষের মধ্যে অর্থপ্রবাহ বেঁড়েছে এবং গ্রামীণ নারীরা বেশি বেশি করে পুরুষের পাশাপাশি উপার্জনমূখী কর্মকান্ডে যুক্ত হচ্ছে। তবে ক্ষুদ্রঋণ সেবা কর্মসূচীর পাশাপাশি দরিদ্র্য জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, ভুমি ও আবাসনের জন্য আইনী সহায়তা প্রদান এবং তরুন যুব সমাজকে সচেতন করে কর্ম উদ্যোগী করা এখন সময়ের দাবী। সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে প্রয়োজন সমৃদ্ধ মানব সম্পদ গড়ে তোলা। পরিবেশের ভারসাম্য রক্ষায় জলবায়ু পরিবর্তনের প্রভাবমুক্ত থাকার জন্য দেশের নদ-নদী, খাল-বিল ও ঝিল রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য দেশের মানুষকে সজাগ ও সচেতন করার কাজে আত্মনিয়োগ করা অনিবার্য। প্রতিদিন সারা দেশে নারী ও শিশু নির্যাতন, হত্যা, বাল্যবিবাহ পরিলক্ষিত হচ্ছে। এসকল ঘটনার অবসান ঘটাতে দরকার ঐক্যবদ্ধভাবে কাজ করা। এজন্য উন্নয়ন সংগঠনগুলোকে ব্যপক ভূমিকা পালন করে তৈরি করতে হবে জনসচেতনতা।

আমাদের কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার সাধারণ পরিষদ, কার্যকরী পরিষদ ও কর্মএলাকার সহস্রাধীক স্বেচ্ছাসেবীরা সার্বিক সহযোগিতা করে আসছেন। তাঁদের সঠিক সিদ্ধান্ত, দিক নির্দেশনা ও অক্লান্ত পরিশ্রম করে আমাদের সহযোগিতার জন্য আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। যাদের নিরলস পরিশ্রম ও সততার কারণে আমরা লক্ষমাত্রায় পৌছাতে সক্ষম হয়েছি, সে সকল সহকর্মীদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিগত দিনগুলোর ন্যায় আগামী দিনগুলোতে আমাদের লক্ষ্য অনুযায়ী এগিয়ে চলব এবং আমাদের আরও বেশি গঠনমূলক সহযোগিতা ও সহমর্মিতা শুদ্ধাচরণের জন্য বড় ভুমিকা পালন করবে বলে আমরা আশাবাদি।

আনোয়ার জাহিদ
প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ও প্রধান উপদেষ্টা



# সভাপতির বাণী

সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)'র সাধারণ পরিষদ ও কার্যকরী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ ও সকল কর্মকর্তা এবং স্বেচ্ছাসেবী ভাইবোনদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমরা অত্যন্ত আনন্দিত এই জন্য যে ২০২২-২০২৩ অর্থ বছরের আমাদের কার্যক্রম প্রতিবেদন আপনাদের সকলের হাতে পৌছে দিতে পেরে আমরা ধন্য মনে করছি। ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যক্রম সুচারুরুপে বাস্তবায়নের জন্য সংগঠনের সকল স্তরের কর্মী ও ভাই বোনদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি  আইসিডিএ একটি অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয়ে ২০২৩ সালের কার্যক্রম অত্যন্ত সফলতার সাথে সমাপ্ত করতে পেরেছে। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ঋণ সহায়তা আমাদের কার্যক্রমকে গতিশীল ও সফল বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেছে। এজন্য পিকেএসএফকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

স্বাধীনতাত্তোর বাংলাদেশে ১৯৭৩ সালে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রম শুরু হয়েছিল। দীর্ঘ এ পথচলায় তা দেশের সীমানা ছাড়িয়ে বিদেশেও আলোড়ন সৃষ্টি করেছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোন রকম গ্রাহক হয়রানী ও প্রতারণার শিকার না হয় সে জন্য বর্তমানে সরকার ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রম নিয়ন্ত্রন করার লক্ষ্যে মাইক্রক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) নামে একটি প্রতিষ্ঠান গঠন করে সকল বিতর্কের অবসান ঘটিয়েছে। বর্তমানে এমআরএ'র নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রম ও তার সার্ভিজ চার্জ নির্ধারিত নিয়মেই প্রতিপালিত হচ্ছে।

আমাদের বিশ্বাস দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ সেবা একটি হাতিয়ার কিন্তু ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রমের মাধ্যমেই দারিদ্র বিমোচন হতে পারে না। এর সঙ্গে আরো কিছু হাতিয়ার সম্পৃক্ত করতে হবে। যা হল সচেতনতা বোধ তৈরী করা, অলসতা দুর করে কর্মউদ্যোগী করা, দক্ষতা সৃষ্টি করে আয় বৃদ্ধিমূলক কর্মসূচী গ্রহণ করা, হিসাব নিকাশ করে কার্যক্রম পরিচালনা করা। এই জনসচেনতা তৈরী করার মধ্য দিয়েই দারিদ্র্য বিমোচন ও টেকশই কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হবে। পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশবান্ধব কৃষি, আবাসন, খাদ্য ও সামাজিক নিরাপত্তার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণের প্রয়োজন হয়ে পড়েছে। আইসিডিএ'র কার্যক্রম শুরু করে তার কর্ম এলাকায় দরিদ্র জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নের লক্ষ্যে সাধ্য মত বিভিন্ন উন্নয়ন ও সচেনতা মূলক কর্মসূচী গ্রহণ করে তা বাস্তবায়ন করে আসছে। নারীবান্ধব এই সংস্থাটি নারীর অধিকার, নারীর ক্ষমতায়ন ও নারী পুরুষের সমতা ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। এজন্য আমি সংস্থার সাধারণ ও কার্যকরী পরিষদের পক্ষ থেকে সুযোগ্য নির্বাহী পরিচালক মহোদয়সহ সহ সকল কর্মকর্তা ও কর্মী ভাই বোনদের অভিনন্দন জানাচ্ছি। আমরাও নিরলসভাবে আপনাদের কার্যক্রম পরিচালনার জন্য যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দিচ্ছি।

ধন্যবাদ জানাই তাদেরকে যারা এই উন্নয়ন কর্মকান্ডের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে জড়িত। জয় হোক আইসিডিএ'র, জয় হোক আমাদের প্রিয় মাতৃভূমির নিপীড়িত জনগোষ্ঠীর।

দাসগুপ্ত আশীষ কুমার
সভাপতি



## নির্বাহী পরিচালক এর বাণী

সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) বরিশাল-জনবান্ধব, জনকল্যাণমুখী ও স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে কর্মএলাকার পিছিয়ে পরা সকল শ্রেণি পেশার জনগোষ্ঠির সামাজিক, অর্থনৈতিক তথা সার্বিক জীবনমান উন্নয়নের লক্ষ্যে এবং এসকল জনগোষ্ঠিকে মানব মর্যাদায় প্রতিষ্ঠা করার ব্রত নিয়ে কাজ করে যাচ্ছে নিরন্তর। যেহেতু আমাদের সকল কার্যক্রম মানবকেন্দ্রিক ও মানুষকে নিয়ে তাই আমরা আমাদের সেবা সমূহ মানুষের দোড়গোড়ায় পৌঁছে দেয়ার অবিরাম প্রচেষ্টা অব্যাহত রেখেছি যা মূলত: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও অন্যান্য দাতা সংস্থার আর্থিক, অ-আর্থিক ও কৌশলগত সহায়তায় স্থায়ীত্ব লাভ করেছে।

যদিও কোভিড-১৯ অতিমারির কারণে এ কর্মসূচির সফল বাস্তবায়ন কিছুটা বাধাগ্রস্থ হয়েছে, তার পরেও কোভিড-১৯ এর ব্যাপক সংক্রমণকালীণ সময় আমরা সতত মানুষের কাছে ছিলাম এবং আমরা আমাদের সাধ্যমত এ দূর্যোগকালীণ সময়ে মানুষকে সকল ধরনের সহায়তা ও সেবা বিভিন্ন মাধ্যমে পৌঁছে দেয়ার সংগ্রামে সামিল ছিলাম।
ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই আমাদের সহযোগী বন্ধু সংগঠনকে। ভালোবাসা জানাই সংস্থার সকল সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারী সকল পর্যায়ের কর্মকর্তা ও সহকর্মীগণকে, যারা নিরলসভাবে কাজ করে যাচ্ছে লক্ষ্যিত মানুষদেরকে মানব মর্যাদায় প্রতিষ্ঠা করার লক্ষ্যে।
এই প্রতিবেদনের অনিচ্ছাকৃত ভুল ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য আমার বিশেষ অনুরোধ থাকলো। আসুন আমরা ন্যায় ভিত্তিক সুষম ও আলোকিত সমাজ প্রতিষ্ঠায় অঙ্গিকারাবদ্ধ হই।

সালমা খান
নির্বাহী পরিচালক

## সংগঠনের লক্ষ্য

নারী পুরুষের সমতার ভিত্তিতে অর্থনৈতিকভাবে উৎপাদনশীল, সামাজিকভাবে ন্যায়সম্মত, পরিবেশগতভাবে নির্মল এবং প্রকৃত গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠায় জাতি, ধর্ম ও গোত্র নির্বিশেষ নারী পুরুষের দক্ষতানুযায়ী সম অংশগ্রহণের ভিত্তিতে টেকসই উন্নয়ন নিশ্চিত করা। সংগঠনের প্রতিটি পর্যায়ে জেন্ডার সমতা, মানবাধিকার সহায়ক পরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা করা।

## সংগঠনের উদ্দেশ্য

জনগণের সচেতনতা বৃদ্ধি করে চুড়ান্তভাবে ক্ষমতায়নের জন্য স্থায়ীত্বশীল উন্নয়ন ধারায় জনগণের অর্থবহ অংশগ্রহণের মাধ্যমে সমৃদ্ধ সমাজ প্রতিষ্ঠা করা।

- লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর আয় বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সহায়তা করা।
- নিজ সংগঠনের ও লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীর মধ্যে নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী বা পদক্ষেপ গ্রহণ করা।
- প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে কর্ম-এলাকার দলীয় সদস্যদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।
- নারী পুরুষের সমতা প্রতিষ্ঠার ক্ষেত্রে উদাহরণ সৃষ্টির লক্ষ্যে কর্ম এলাকায় আদর্শ পরিবার গড়ে তোলা।







## সংস্থার নিবন্ধন কর্তৃপক্ষ, নম্বর ও তারিখ

| নাম, নিবন্ধন নম্বর ও তারিখ | সার্টিফিকেট অনুলিপি |
|---|---|
| **সমাজসেবা অধিদপ্তর**<br>নিবন্ধন নং-৩০৯<br>তারিখঃ ২১ নভেম্বর ১৯৯২ |  |
| **মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**<br>নিবন্ধন নং-০০৬১৫-০৩১৪৭-০০২৮৯<br>তারিখঃ ২৫ জুন ২০০৮ |  |
| **মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>নিবন্ধন নং-জেমবিঅ/বরি/৫০৬/১৩<br>তারিখঃ ২১ জানুয়ারি ২০১৩ |  |
| **এনজিও বিষয়ক ব্যুরো**<br>নিবন্ধন নং-২৮৯০<br>তারিখঃ ০৩ সেপ্টেম্বর ২০১৪ |  |

## সংগঠন ব্যবস্থাপনা নীতিমালার বৈশিষ্ট্য

- সংগঠন ব্যবস্থাপনা নীতিমালা নীতিনির্ধারক ও সকল স্তরের উন্নয়ন কর্মীদের সংগঠন পরিচালনার ক্ষেত্রে দিক নির্দেশনা দেবে।
- সংগঠন ব্যবস্থাপনা নীতিমালার সাথে সংগঠনের অন্যান্য নীতিমালা সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখবে।
- বাংলাদেশ সরকারের উন্নয়ন নীতিমালা ও দেশে প্রচলিত আইনের প্রেক্ষিতে সংগঠনের কার্যক্রম পরিচালনায় সংগঠন ব্যবস্থাপনা নীতিমালা সহায়তা করবে।
- সংগঠন ব্যবস্থাপনা নীতিমালা আইসিডিএ'র আদর্শ, লক্ষ্য, উদ্দেশ্য ও কর্মসূচী বাস্তবায়নে একটি দিক নির্দেশনা হিসাবে কাজ করবে।

## আইসিডিএ সাধারণ পরিষদ ও কার্যকরী পরিষদের তথ্য ঃ

| সাধারণ পরিষদের সদস্য সংখ্যা | |
|---|---|
| পুরুষ | ১২ |
| নারী | ১৫ |
| মোট সদস্য সংখ্যা | ২৭ |

| কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা | |
|---|---|
| পুরুষ | ৫ |
| নারী | ৪ |
| মোট সদস্য সংখ্যা | ৯ |



ICDA

## চলার পথে আমরা যাদের হারিয়েছি...


এ. গফফার খান
আজীবন সদস্য


শিরীনা খান
আজীবন সদস্য


রাণী ভট্টাচার্য
সাধারণ সদস্য


রাবেয়া খাতুন
আজীবন সদস্য


নারায়ন চন্দ্র সাহা
আজীবন সদস্য


শান্তি রঞ্জন চক্রবর্তী
আজীবন সদস্য


মো. নুরুল ইসলাম
সাধারণ সদস্য


জগদীশ চন্দ্র সরকার
সাধারণ সদস্য


ডা. সমিরণ চক্রবর্তী
আজীবন সদস্য


অনিল কুমার শীল
আজীবন সদস্য


শিবানী চৌধুরি
সাধারণ সদস্য


যমুনা বসু
সাধারণ সদস্য

মনসুর উল আলম
সাধারণ সদস্য

## আইসিডিএ কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ



সভাপতি
**জনাব দাশগুপ্ত আশীষ কুমার**
অবসরপ্রাপ্ত শিক্ষক



সহ সভাপতি
**মিসেস মরিয়ম বেগম রিনা**
সমাজসেবক



কোষাধ্যক্ষ
**জনাব মোঃ আবুল কালাম**
শিক্ষক



সম্পাদক/ সদস্য সচিব
**মিসেস সালমা খান**
নারীনেত্রী



নির্বাহী সদস্য
**জনাব শুভঙ্কর চক্রবর্তী**
উন্নয়ন সংগঠক



নির্বাহী সদস্য
**জনাব খোকন মুন্সি**
ব্যবসায়ী



নির্বাহী সদস্য
**মিসেস কুলসুম বেগম বিউটি**
সমাজসেবক



নির্বাহী সদস্য
**জনাব আবুল কালাম আজাদ**
সমাজসেবক



নির্বাহী সদস্য
**জনাব শিবানী চৌধুরি**
অধ্যাপক

## আইসিডিএ'র সাধারণ পরিষদের সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী | ব্যক্তি জীবনে পেশা |
|---|---|---|---|
| ১. | জনাব আনোয়ার জাহিদ | আজীবন সদস্য | সমাজসেবা |
| ২. | মিসেস রাবেয়া খাতুন | আজীবন সদস্য | সমাজসেবী |
| ৩. | মিসেস সালমা খান | আজীবন সদস্য | নারীনেত্রী |
| ৪. | মিসেস মরিয়ম বেগম রিনা | আজীবন সদস্য | সমাজসেবী |
| ৫. | জনাব এ, গফফার খান | আজীবন সদস্য | আইনজীবি |
| ৬. | মিসেস শিরীনা খান | আজীবন সদস্য | সমাজসেবী |
| ৭. | জনাব মোঃ আবুল কালাম | সাধারণ সদস্য | শিক্ষকতা |
| ৮. | অধ্যাপিকা হাসিনা বেগম | আজীবন সদস্য | অধ্যাপনা |
| ৯. | অধ্যাপিকা টুনু রানী কর্মকার | আজীবন সদস্য | অধ্যাপনা |
| ১০. | অধ্যাপিকা হোসনে-আরা বেগম | আজীবন সদস্য | অধ্যাপনা |
| ১১. | জনাব আবুল কালাম আজাদ | আজীবন সদস্য | সমাজসেবা |
| ১২. | মিসেস রেহানা ইয়াসমিন আজাদ | আজীবন সদস্য | সমাজসেবী |
| ১৩. | ডাঃ সৈয়দ হাবিবুর রহমান | আজীবন সদস্য | ব্যবসা |
| ১৪. | জনাব মোঃ শাহজাহান | আজীবন সদস্য | সমাজসেবা |
| ১৫. | জনাব শুভঙ্কর চক্রবর্তী | আজীবন সদস্য | উন্নয়ন কর্মী |
| ১৬. | মিসেস কুলসুম বেগম বিউটি | সাধারণ সদস্য | সমাজসেবী |
| ১৭. | দাশগুপ্ত আশীষ কুমার | সাধারণ সদস্য | অবসরপ্রাপ্ত শিক্ষক |
| ১৮. | জনাব নুরুল ইসলাম | সাধারণ সদস্য | সমাজসেবা |
| ১৯. | জনাব নাজমুল হাসান খোকন | সাধারণ সদস্য | সমাজসেবা |
| ২০. | মিসেস হাসিনা পারভীন | সাধারণ সদস্য | সমাজসেবী |
| ২১. | মিসেস খালেদা নাসিম | সাধারণ সদস্য | সমাজসেবী |
| ২২. | জনাব ফয়েজুল ইসলাম | সাধারণ সদস্য | উন্নয়ন কর্মী |
| ২৩. | জনাব খোকন মুন্সি | সাধারণ সদস্য | ব্যবসা |
| ২৪. | মিসেস বানীশ্রী চক্রবর্তী | সাধারণ সদস্য | সমাজসেবী |
| ২৫. | জনাব কোহিনুর বেগম | সাধারণ সদস্য | সমাজসেবী |
| ২৬. | জনাব শিবানী চৌধুরি | সাধারণ সদস্য | অধ্যাপনা |
| ২৭. | মোসাঃ আফরোজা আক্তার নিপা | সাধারণ সদস্য | ছাত্রী |

# এজিএম গ্যালারি


বার্ষিক সাধারণ সভা ও
ত্রি-বার্ষিক


বার্ষিক সাধারণ সভা ও
ত্রি-বার্ষিক
সম্মেলন ২০১৮
সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)
Integrated Community Development Association (ICDA)




বার্ষিক সাধারণ সভা ও
ত্রি-বার্ষিক
সম্মেলন ২০১৮


সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)
Integrated Community Development Association
বার্ষিক সাধারণ সভা ও দ্বি-বার্ষিক সম্মেলন-২০১২
Annual General Meeting and Bi-Yearly Conferance-2012
স্থানঃ আইসিডিএ মিলনায়তন, বরিশাল।





## এক নজরে সংস্থার ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রমের তথ্য

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ঋণ সহায়তায় এবং মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA) এর সনদ প্রাপ্ত হয়ে সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) বরিশাল জেলার ০৪টি উপজেলায় ০৮ টি শাখা অফিসের মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। যে সকল চাষীর চাষযোগ্য জমির পরিমাণ ৫০ শতাংশ এর কম বা যার মোট সম্পদের পরিমাণ সংশ্লিষ্ট এলাকায় এক একর জমির বাজার মূল্যের সমান নয়, শারীরিক ও মানসিক ভাবে সুস্থ ১৮-৫০ বছরের বয়সের যে কোন নিম্ন আয়ের পিছিয়ে পরা ব্যক্তি, যারা নুন্যতম সামাজিক অর্থনৈতিক সুযোগ সুবিধা হতে বঞ্চিত, যারা দারিদ্র সীমার নিচে বসবাস করে অর্থাৎ যাদের মাথা পিছু আয় এক মার্কিন ডলারের কম কিন্তু অর্থাভাবে কোন আয়বর্ধন মুলক কাজ বা উদ্যোগ গ্রহণে ব্যর্থ এমন ব্যক্তি সকলের মধ্যেই ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। গ্রাম গঞ্জে ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র ও মাঝারী ধরণের অসংখ্য উদ্যোক্তা রয়েছে যারা ক্ষুদ্র পরিসরে নিজেদের অভিজ্ঞতার আলোকে সরাসরি উৎপাদনের সাথে জড়িয়ে আছে, কিন্তু সুনির্দিষ্ট দিক নির্দেশনা, পর্যাপ্ত মূলধন সরবরাহ ও কারিগরী সহযোগিতার অভাবে তারা একটি নির্দিষ্ট পরিমন্ডলে আবদ্ধ হয়ে আছে। সেখান থেকে ক্ষুদ্রঋণ সহযোগিতার মাধ্যমে সকল ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাগণকে দিক নির্দেশনা ও কিছুটা কারিগরী সহযোগিতা প্রদান করে তাদের বর্তমান সীমারেখা থেকে বের করে আনা।

**খ. ধরণ ঃ**

- ❒ সদস্য ভর্তি
- ❒ ক্ষুদ্র দল গঠন
- ❒ সমিতি গঠন
- ❒ সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা এবং সঞ্চয় আদায় করা
- ❒ বিভিন্ন আয়বর্ধনমূলক (IGA) প্রকল্পের উপর প্রশিক্ষণ প্রদান করা
- ❒ আয় ও কর্মসংস্থান মূলক অর্থনৈতিক কার্যক্রম
- ❒ পরিবেশ উন্নয়ন ও পরিবেশ সম্মত কৃষি
- ❒ মৎস্য চাষ, গবাদী পশু পালন ও হাঁস মুরগীর খামার তৈরী করা।
- ❒ বাড়ির অঙ্গিনায় সবজি চাষ



## ক্ষুদ্রঋণ (জুন ২০২৩)

| বিবরণ | অবস্থান |
|---|---|
| ক্ষুদ্রঋণসেবা কাযক্রমের প্রোডাক্ট সমূহ: | জাগরণ, অগ্রসর, সুফলন, আইজিএ, জীবনমান উন্নয়ন, সম্পদ সৃষ্টি |
| সদস্য সংখ্যা | ৬৫৪৬ জন |
| ঋণী সংখ্যা | ৪৮৯০ জন |
| ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | ২৩৯২৮৩১০০০ |
| ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত) | ২২৭৯৯৪৪৩৭৩ |
| ঋণস্থিতি | ১১২,৮৮৬,৬২৭ |
| সঞ্চয়স্থিতি | ৪৩৮০১২৫৮ |
| ঋণ আদায় হার | ৯৭.৯৬% |
| কর্মরত স্টাফ সংখ্যা | ৪৪ জন |
| কার্যক্রমভূক্ত গ্রাম সংখ্যা | ১৪৩ টি |



# ঋণসেবা গ্যালারি






















# সদস্য কল্যাণ তহবিল

ক্ষুদ্র ঋণসেবা কার্যক্রমে সদস্য পরিবারের ঋণ ঝুঁকি প্রশমনের লক্ষ্যে সংস্থা সদস্য কল্যাণ তহবিল (এসকেটি) করেছে। এ তহবিলের আওতায় সংশ্লিষ্ট ঋণ গ্রহিতা/স্বামী/অভিভাবক অথবা সদস্য পরিবারের প্রধাণ উপার্জনক্ষম ব্যাক্তি (সদস্য কল্যাণ তহবিলের অর্ন্তভূক্ত) ঋণস্থিতি থাকা অবস্থায় মৃত্যুবরণ করলে অবশিষ্ট ঋণের টাকা মওকুফ করা হয় এবং ঋণ গ্রহিতার মৃত্যু জনিত কারণে জমাকৃত সঞ্চয় সমূহ তাঁর নমিনিকে ফেরৎ দেওয়া হয়। অভিভাবক মৃত্যু জনিত কারণে ঋণ মওকুফ পরবর্তীতে সদস্য পুনঃরায় ঋণ নিতে ইচ্ছা প্রকাশ করলে তাঁর চাহিদা মত ঋণ প্রদান করা হয়ে থাকে। সংস্থার বর্তমান নীতিমালানুযায়ী **৩,০০,০০০/-(তিন লক্ষ)** টাকা পর্যন্ত বিতরণকৃত সকল ঋণ সদস্য কল্যাণ তহবিলের আওতায় রয়েছে। জুন ২০২৩ পর্যন্ত সংস্থার ০৮টি শাখার আওতায় ১৭৬,১১,৯১০/-(এক কোটি ছিয়াত্তর লক্ষ এগার হাজার নয়শত দশ) টাকা আদায় করেছে এবং ৩৩৯ জন ঋণ গ্রহীতা ও অভিভাবক মৃত্যু জনিত কারণে **৭২,৪২,৭২৭/-(বাহাত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশত সাতাশ)** টাকা ঋণ মওকুফ করা হয়েছে। বর্তমানে ১০৩,৬৯,১৮৩/- (এক কোটি তিন লক্ষ উনসত্তর হাজার একশত তেরাশি) টাকা স্থিতি আছে।

### সদস্য ও অভিভাবক মৃত্যুজনিত কারণে সদস্য কল্যাণ তহবিল হতে ঋণ পরিশোধ সংক্রান্ত তথ্য জুন ২০২৩

| ক্রমিক নং | শাখার নাম | এ পর্যন্ত তহবিলে আদায় | তহবিলের বর্তমান স্থিতি | মৃত সদস্য/ অভিভাবক সংখ্যা (জন) | পরিশোধকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ০১ | সদর শাখা, বরিশাল | ৪৭,৭৩,৩১০ | ২৭,৬৪,৬৮৩ | ৮৩ | ২০,০৮,৬২৭ |
| ০২ | রহমতপুর শাখা, বাবুগঞ্জ | ১৯,০৫,৬১০ | ১৩,০৮,৫০৮ | ৩৮ | ৫,৯৭,১০২ |
| ০৩ | বন্দর শাখা, বাবুগঞ্জ | ২৪,৫৭,৫১০ | ১৪,৮৭,২৭৩ | ৫২ | ৯,৭০,২৩৭ |
| ০৪ | মুলাদী শাখা, মুলাদী | ১৫,০৫,৯০০ | ৯,২৩,২৭৬ | ২৬ | ৫,৮২,৬২৪ |
| ০৫ | সাহেবেরহাট শাখা, বরিশাল | ২২,৮৫,৩৬০ | ১৩,৮৬,০৪৬ | ৩৫ | ৮,৯৯,৩১৪ |
| ০৬ | তালতলী শাখা, বরিশাল | ২৪,৮১,৬৬০ | ১১,৩৮,৮৭১ | ৬৫ | ১৩,৪২,৭৮৯ |
| ০৭ | রায়পাশা শাখা, বরিশাল | ১১,৫৭,৯৬০ | ৭,৯২,৫১১ | ২৭ | ৩,৬৫,৪৪৯ |
| ০৮ | কাজিরচর শাখা, মুলাদী। | ১০,৪৪,৬০০ | ৫,৬৮,০১৫ | ১৩ | ৪,৭৬,৫৮৫ |
| | **মোট :** | **১৭৬,১১,৯১০** | **১০৩,৬৯,১৮৩** | **৩৩৯** | **৭২,৪২,৭২৭** |



কেসস্ট্যাডি

## সিমু বেগম'র নারী উদ্যোক্তা হয়ে ওঠা

উদ্যোক্তার নাম মোসা: সিমু বেগম। বরিশাল জেলার, বরিশাল সদর উপজেলার আওতাধীন পাশ্ববর্তী লামচরি গ্রামে তাঁর বাড়ি। তিনি পেশায় একজন গৃহিনী ছিলেন। গৃহিনী হওয়া সত্বেও তিনি তাঁর কৃষি উদ্যোক্তা হওয়ার স্বপ্ন বাস্তবায়নের কাজে সর্বদাই মনোযোগী ছিলেন। তাই বাড়ির আঙ্গিনায় টুকটাক সবজি আবাদ করতেন যা দিয়ে নিজের পরিবারেই সামান্য প্রয়োজন মিটাতে পারতেন।

সিমু তাঁর পরিবারের সদস্যদের একটু ভালো রাখার জন্য, একটু ভালো থাকার জন্য সবসময় ভাবতেন। এজন্য সর্বদা কৃষি কাজে সম্পৃক্ত থাকতেন এবং তিনি একজন নারী কৃষি উদ্যোক্তা হবেন এটা তাঁর স্বপ্ন ছিল। সংসারে



৩ ছেলে ও ১ মেয়েসহ পরিবারে মোট ০৬ জন সদস্য রয়েছে। সংসার খরচ অনেক, ফলে সিমু বেগম সংসার চালাতে গিয়ে হিমসিম খেয়ে যেতেন। কারণ কিডনী রোগে আক্রান্ত অসুস্থ স্বামী তেমন কোন কাজ করতে পারতেন না। এরই মধ্যে মেয়ের বিবাহ দেন একটি গরীব পরিবারে। বড় ছেলে চট্টগ্রামে জাহাজের শ্রমিকের কাজে চলে যান। বাড়িতে ২টি সন্তান নিয়ে কোন রকম জীবন যাপন করেন সিমু বেগম। দুই সন্তানের একজন ৮ম শ্রেণিতে পড়াশুনা করেন এবং ছোট ছেলে বাড়িতেই থাকেন। নিজে ৮ম শ্রেণি পর্যন্ত লেখাপড়ার সুযোগ পেয়েছিলেন। স্বামী অসুস্থ থাকার কারণে মোসা: সিমু বেগম নিজেই উদ্যোগ নেন কৃষি কাজের মাধ্যমে একজন সফল নারী উদ্যোক্তা হয়ে নিজের পরিবারের জীবনমান উন্নয়ন করবেন, পাশাপাশি সর্বদা মানব সেবার কাজে নিজেকে নিয়োজিত রাখবেন। আর সে ভাবনা থেকেই তিনি একজন সফল উদ্যোক্তা হওয়ার জন্য প্রচেষ্টা চালিয়ে যান। কিন্তু কিছু করতে হলে তো পুঁজির দরকার। হাতে নিজেস্ব সামান্য যে পুঁজি ছিলো তা দিয়ে সহজে কোন কর্মকান্ডে যুক্ত হতে পারছিলেন না। বিভিন্ন মানুষের কাছে টাকা না পেয়ে তিনি এক সময় হতাশ হয়ে পরেন কিন্তু স্বপ্ন বাস্তবায়নের ছিলো অদম্য ইচ্ছা।

এরপর একদিন হঠাৎ একবুক হতাশার মধ্যে আশারআলো দেখতে পান তিনি। তা হলো এলাকার মানুষের মাধ্যমে খোঁজ পেলেন সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) তালতলী শাখা, বরিশালের। তাই কোনরুপ বিলম্ব না করে তিনি আইসিডিএ তালতলী শাখার মাঠ কর্মকর্তা মোসা: সেলিনা আক্তারের সাথে যোগাযোগ করে দিগন্তের শেষ (১৬) সমিতির মাধ্যমে অগ্রসর ঋণ কর্মসূচির আওতায় প্রথম দফায় ৮০,০০০/- (আশি হাজার)



টাকা ঋণ নেয়ার জন্য আবেদন করেন এবং তিনি ৮০,০০০/- (আশি হাজার) টাকা দিয়ে নিজের উদ্যোগে কৃষি কাজ অর্থাৎ বিভিন্ন ধরনের সবজি চাষ ও ৮৫ টি লেয়ার মুরগী পালন শুরু করেন । এক সময় সবজিতে ভরে যায় বাড়ির আঙ্গিনা ও কৃষি জমি। সিমুর চোখে-মূখে আত্মতৃপ্তির হাসি যা তিনি কারো কাছে লুকোতে পারেননি স্পষ্ট হয় সকলের কাছে। তিনি কৃষি ফসল দিয়ে বিভিন্ন বীজ সংরক্ষণ করেন ও সেই বীজ রোপন করে সবজি উৎপাদন করেন এবং বীজ মানুষের কাছে বিক্রি করেন। এসব সবজির মধ্যে রয়েছে লাউ, লাল শাক, পুইশাক ও পেঁপে ইত্যাদি রয়েছে। এর পাশাপাশি মুরগীর ডিম সংরক্ষণ করে সেই ডিম দিয়ে বাচ্চা ফুটিয়ে পালন করে আর এভাবেই সিমুর তত্বাবধানে চলে মুরগীর ফার্মটি। পরিশ্রমী সিমুর মুরগীর ফার্মটি ক্রমাগতভাবে বড় হতে থাকে। পরিবারের চাহিদা মিটিয়ে মুরগী, মুরগীর ডিম ও উৎপাদিত সবজি স্থানীয় বাজারে বিক্রি করে অর্জিত মুনাফায় বদলে যেতে লাগলো সিমুর জীবনের গল্প। হয়ে উঠলেন একজন সফল নারী কৃষি উদ্যোক্তা। নি:সন্দেহে মোসা: সিমু বেগম একজন আত্মপ্রত্যয়ী পরিশ্রমী নারী। তাঁর এই সফলতার জন্য তিনি চিরকৃতজ্ঞ আইসিডিএ পরিবারের কাছে যা অকপটে স্বীকার করেন।

# মমতাজ বেগমের দারিদ্রতা জয়ের গল্প

আইজউদ্দিন হাওলাদার ও মালেকা বেগমের ৫ সন্তানের মধ্যে বড় সন্তান মোসা: মমতাজ বেগম। বাবা মায়ের সাথে বাকেরগঞ্জের ভরপাশা ইউনিয়নে বসবাস করতেন। অভাবের সংসার, বাবার আয় রোজগার বলতে তেমন কিছুই ছিলনা, তাই একদিন বাবা, মা, ভাই, বোন আর জন্মস্থান ছেড়ে জীবিকার টানে কাজের খোঁজে চলে আসেন বরিশাল শহরে, অবস্থান নেন চাঁদমারী কেডিসি বস্তিতে। কখনও মানুষের বাড়িতে কাজ করে, কখনও বা ইট ভাঙার মত কঠোর পরিশ্রমের কাজ করে কেটে যাচ্ছিল মমতাজ বেগমের দিন। এমন একটা সময়ে তাঁর সাথে বিয়ে হয় কেডিসি বস্তির অপর এক বাসিন্দা মো: ইউসুফ আলী খান এর সাথে যিনি পেশায় একজন শ্রমিক ছিলেন। বিয়ের পরে দুজনে মিলে দেখতে থাকেন কষ্টের এই দিন বদলের স্বপ্ন।



দিন বদলের স্বপ্নের ধারাবাহিকতায় বিগত ২০০৭ সালে তিনি সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) এর সদর শাখার আওতাধীন নীল সবুজের মাঠ সমিতির সদস্য হিসেবে ভর্তি হয়ে ২০০০/- ঋণ গ্রহণ করে ক্ষুদ্র ব্যবসা শুরু করেন। ব্যবসা আস্তে আস্তে সম্প্রসারণ লাভ করে তাঁর কঠোর পরিশ্রম, অধ্যাবসায়ের কারণে আর প্রয়োজনীয় অর্থায়ন ও পরামর্শে সর্বদাই পাশে ছিল আইসিডিএ। পর্যায়ক্রমে তিনি সর্বশেষ ১৭তম দফায় আইসিডিএ সদর শাখা হতে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ঋণ গ্রহণ করে এবার ক্ষুদ্র ব্যবসার পাশাপাশি শুরু করেন জালানী তেল ও খাবার হোটেল এর ব্যবসা যা এখনো চলমান রয়েছে। সে অনুযায়ী তাঁর আইসিডিএ সদর শাখা, বরিশাল থেকে এ যাবৎ গৃহীত ঋণের পরিমাণ ২০,১২,০০০/- টাকা। ব্যবসার অর্জিত মুনাফার মাধ্যমে তিনি ইতোমধ্যে ২টি আধাপাকা দোকান ঘর ও ০৩ টি থাকার ঘরের মালিক হয়েছেন যা তিনি ভাড়া দিয়েছেন। প্রতিমাসে উক্ত ভাড়াটিয়া ঘর থেকে ১৮,০০০/- টাকা ভাড়া পেয়ে থাকেন।

মোসা: মমতাজ বেগম বাড়ি করার জন্য ২.৫ শতাংশ জমি কিনেছেন এবং সেখানে গড়ে তুলেছেন হাঁস/মুরগীর খামার এবং উক্ত খামারে বর্তমানে ২৫ টি রাজাহাঁস ও ৯০ টি দেশী মুরগী রয়েছে। হতদরিদ্র মমতাজ বেগম দারিদ্রতার কাছে হার না মেনে আইসিডিএ'র ঋণ সহায়তা, কঠোর পরিশ্রম ও অধ্যাবসায়ের মাধ্যমে অবশেষে দারিদ্রকে জয় করে স্বামী সন্তান নিয়ে সুখে বসবাস করছেন।

# সমৃদ্ধি কর্মসূচি

"Enhancing Resources and Increasing Capacities of Poor Households Towards Elimination of their Poverty (ENRICH)"

## দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)

সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)'র বাস্তবায়নে পল্লী কর্ম-সহায়ক ফাইন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় 'সমৃদ্ধি কর্মসূচি' সেপ্টেম্বর ২০১৪ ইং থেকে মুলাদী উপজেলার কাজিরচর ইউনিয়নে কার্যক্রম চলমান আছে।

**বাস্তবায়িত কার্যক্রম সমূহ**

- ✓ **শিক্ষা কার্যক্রম;**
- ✓ **স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম;**
- ✓ **সমাজ উন্নয়নমুলক কার্যক্রম;**
- ✓ **উদ্যোগ উন্নয়ন মুলক কার্যক্রম;**
- ✓ **ঋণ সেবা কার্যক্রম;**

**কর্মসূচির লক্ষ্য**

দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতাবৃদ্ধি,সমৃদ্ধি কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রত্যেক পরিবারের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করার পাশাপাশি অন্তত কমিউনিটির উন্নয়ন সাধন করা।

**কর্মসূচির উদ্দেশ্য**

প্রত্যেক পরিবারের সীমিত সম্পদ ও সক্ষমতার সর্বোচ্চ ব্যববহারের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও মানবমর্যদা প্রতিষ্ঠিত করা।

লক্ষিত পরিবারকে এর বর্তমান সম্পদ ও সক্ষমতার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করণ এবং যথাযথ পরিমিতিতে এর সম্পদ ও সক্ষমতা বৃদ্ধির জন্য উপাদান গ্রহণ করা। দরিদ্র্য মানুষকে মানবমর্যদায় প্রতিষ্ঠার লক্ষ্যে এ কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা।

রাজনৈতিক অধিকার ছাড়া উন্নয়ন সম্ভব নয়, তাই সকল উন্নয়ন কর্মকান্ডে জন প্রতিনিধিদের সম্পৃক্ততা নিশ্চিত করা, অর্ন্তভূক্ত পরিবার সমৃহকে সকল ধরনের দারিদ্র অবস্থা থেকে মুক্ত করে মানব মর্যদায় প্রতিষ্ঠিত করা।

সমৃদ্ধি কর্মসূচিতে ইউনিয়নের সকল অংশগ্রহণকারী পরিবার সমুহের শিক্ষা, স্বাস্থ্য-সেবা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, প্রতিষ্ঠানিক সুবিধা, উপযুক্ত অর্থনৈতিক কার্যক্রম গ্রহণের জন্য অর্থায়ন, বাজারজাত করণ, তথ্য ও প্রযুক্তিগত সহায়তা নানাবিধ সক্ষমতা বৃদ্ধি ও উপাদান নিশ্চিত করা।



## ১। শিক্ষা কার্যক্রম..

সমৃদ্ধি কর্মসূচির আওতায় শিক্ষা সহায়তা কার্যক্রম বর্তমানে মুলাদী উপজেলার কাজিরচর ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। শিক্ষা সহায়তা কার্যক্রমের মাধ্যমে শিশু শ্রেণি থেকে ২য় শ্রেণি পর্যন্ত বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্র পরিচালনা করা হচ্ছে। দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাক্ষেত্র থেকে ঝরে পড়া রোধের মাধ্যমে মেধার বিকাশ ঘটানো, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মানোন্নয়ন করা ও শতভাগ ভর্তি নিশ্চিতকরণ; স্কুল সম্পর্কে শিক্ষার্থীদের ভীতি দূর করার লক্ষ্যে পিকেএসএফ-এর সহযোগী সংস্থার মাধ্যমে 'সমৃদ্ধি' কর্মসূচীর আওতায় শিক্ষা সহায়তা কার্যক্রম পরিচালনা করছে।



**বাস্তবায়িত কার্যক্রম:**

- বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্র-৩২টি;
- শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বিকাল ৩টা থেকে ৫টা পর্যন্ত পড়াশুনা করানো হয়;
- বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্রে ৮০০ জন শিক্ষার্থী চলমান রয়েছে। এ পর্যন্ত ১৬০০ জন (এক হাজার ছয়শত) শিক্ষার্থী পাঠ দান করে তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে;
- প্রতি মাসে অভিভাবক সভা আয়োজন করা হয়েছে এপর্যন্ত ১৭০৬টি;
- বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের নিয়ে ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে ০৮টি বার্ষিক সাংস্কৃতিক ও ক্রীড়া কার্যক্রম বাস্তবায়ন হয়েছে;



- শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে নিয়োজিত শিক্ষকদের নিয়ে ৩টি ব্যাচে ১৮ দিনের ‘বিষয় ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ’ প্রদান করা হয়েছে।
(২ দিন+২ দিন+২দিন+২ দিন+২ দিন +২ দিন +২ দিন +২ দিন+২ দিন =১৮ দিন)



## ২ । স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম..

সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমের মূল লক্ষ্য হলো সমৃদ্ধি কর্মসূচিভুক্ত ইউনিয়নের অধিবাসীদের বিশেষত: প্রান্তিক দরিদ্র এবং ঝুকিপূর্ণ নারী, শিশু ও বয়স্ক জনগোষ্ঠির স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যান অবস্থার টেকসই উন্নয়নের মাধ্যমে জনগণের শারীরিক ও মানসিক কল্যান সাধন করা। ফলে জনগনের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্য সেবায় জনগণের অভিগম্যতা বৃদ্ধি এবং সর্বপরি জনস্বাস্থ্যের বিভিন্ন অবস্থা যেমন রোগ প্রতিরোধ সচেতনতা, রোগে আক্রান্ত হলে চিকিৎসা গ্রহণ, গর্ভবর্তী, প্রসূতি ও শিশুদের প্রয়োজনীয় পরিচর্যা, হাসপাতালে প্রসব করানো, মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হ্রাস প্রভৃতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



**বাস্তবায়িত কার্যক্রম:**

- স্বাস্থ্য কার্ড বিক্রয় হয়েছে ১৩১৩৯ টি। স্বাস্থ্য কার্ড-এর মাধ্যমে স্বাস্থ্য সেবাপ্রদান করা হয়;
- ডায়াবেটিস রোগীর পরীক্ষা করা হয়েছে-সেবা গ্রহীতা ৫২৮৮ জন;
- রক্তের গ্রুপ নির্ণয় করা হয়েছে ৫০০ জন;
- স্বাস্থ্য পরিদর্শক কর্তৃক স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত বৈঠক করা হয়েছে ৪০৪২ টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৪৪৯৭৬ জন;






- স্টাটিক ক্লিনিক আয়োজন ৩৭৩৮ টি (সেবা গ্রহীতা ২৯৪৩২ জন);
- স্যাটেলাইট ক্লিনিক আয়োজন- ৫৮৪টি, স্যাটেলাইট ক্লিনিকে এম.বি.বি.এস ডাক্তার কর্তৃক চিকিৎসা প্রদান করা হয় (সেবা গ্রহীতা ২০২০০ জন);
- সাধারন স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়েছে ২৯টি;

- বিশেষ চক্ষু ক্যাম্প আয়োজন করা হয়েছে ০৮টি, ইস্পাহানী ইসলামিয়া চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক চিকিৎসা প্রদান করা হয় (সেবা গ্রহীতা ১৮৪৫ জন);
- বিনামূল্যে চোখের ছানি অপারেশন (সেবা গ্রহীতা ২২২ জন);
- গর্ভবতী মা ও প্রসুতি মা, নবজাতক শিশু ও অপুষ্টি শিশুসহ সকল সেবা গ্রহীতাদের মাঝে বিনামুল্যে ঔষধ বিতরণ করা হয়;
  - ✓ আয়রন ফলক এসিড বিতরণ করা হয় ১৪৯০৮০ টি;
  - ✓ ক্যালসিয়াম ট্যাবলেট বিতরণ করা হয় ৭৭২৩৫ টি;
  - ✓ পুষ্টিকনা ঔষধ বিতরণ করা হয় ২৯৪৪২টি;
  - ✓ কৃমিনাষক ঔষধ বিতরণ করা হয় ৬৯১৫০টি;






## ৩। সমাজ উন্নয়নমূলক কার্যক্রম..

একটি সমাজ ও রাষ্ট্রের ভবিষ্যত হল যুব সমাজ। সমাজ ও রাষ্ট্রের উন্নতি সমৃদ্ধি নির্ভর করে তরুন সমাজের উপর। আজকের যুবরাই পরিচালনা করবে আগামী কালের সমাজ, রাষ্ট্র ও জাতীকে। তাই "উন্নয়নে যুব সমাজ" কার্যক্রমের নীতিমালা অনুসারে প্রতিটি ওয়ার্ডে নারী পুরুষের সমন্বয়ে ২২ সদস্য বিশিষ্ট একটি যুব কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে কাজিরচরে মোট ৯টি যুব কমিটি রয়েছে। তাদের মধ্যে থেকে ইউনিয়ন পর্যায়ে ৭ সদস্য বিশিষ্ট পরিচালনা কমিটি রয়েছে। এলাকার গণ্যমান্য, মানুষের কাছে গ্রহনযোগ্য ব্যাক্তিদের নিয়ে ১১সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড কমিটি রয়েছে। দুই মাস পরপর তাদের নিয়ে সভা করা হয় । সহযোগী সংস্থার মাধ্যমে 'সমৃদ্ধি' কর্মসূচীর আাওতায় বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছে।

**উন্নয়নে যুব সমাজ কমিটির কার্যক্রম:**



**যুব সদস্যদের সমাজ উন্নয়ন মুলক কাজ:**

- উন্নয়নে যুব সমাজের অংশগ্রহণে যুব সমাজের আত্ম-উপলব্দি, নেতৃত্ব বিকাশ ও করণীয় নির্ধারণ শীর্ষক একটি ডিজিটাল ভিডিও প্রদর্শন ভিত্তিক ১৭টি প্রশিক্ষণ প্রদান করা হয় (প্রতিটি প্রশিক্ষণ ২ দিন ব্যাপি ছিলো);
- প্রশিক্ষণে ১৭টি ব্যাচে অংশগ্রহনকারী ছিলো ৬১০ জন। প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ১২জন;
- যুব কমিটির সভা ৩১৯টি, ওয়ার্ড কমিটির সভা ২২৯টি, ইউনিয়ন পর্যায়ে যুব কমিটির ষান্মাষিক সভা ৯টি, ইউনিয়ন পর্যায়ে ওয়ার্ড কমিটির ষান্মাষিক সভা ৯টি অনুষ্ঠিত হয়;
- দিবস পালন: জাতীয় যুব দিবস ৫টি, জাতীয় সামাজিক সেবা দিবস ৫টি, মা দিবস ৫টি, বিশ্ব পরিবেশ দিবস ৫টি
- এছারাও মানবাধিবার দিবস, বেগম রোকেয়া দিবস, বিজয় দিবস, ২১ শে ফেব্রুয়ারী, স্বাধীনতা দিবস, আর্ন্তজাতিক নারী দিবস, কন্যা শিশু-দিবস ইত্যাদি পালন করা হয়।
- বৃক্ষ রোপন: পরিবেশ উন্নয়নের লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডে সমৃদ্ধি কেন্দ্রের পার্শ্বে ঔষধী, ফুলের ও ফলের গাছ রোপন করা হয়। ৯টি ওয়ার্ডের যুব সদস্যরা তাদের নিজ নিজ বাড়িতে বৃক্ষ রোপন করেন।
- ৭নং ওয়ার্ড চরকমিশনার চেয়ারম্যানের উপস্থিতিতে যুব সদস্য, শিক্ষক, স্বাস্থ্য পরিদর্শক এবং কাজিরচর শাখার অফিস স্টাফদের অংশগ্রহণে বজ্রপাতের হাত থেকে রক্ষা পাবার জন্য তাল বীজ রোপন করা হয় ১৪৫০টি।

**বাস্তবায়িত কার্যক্রমের ছবি**


যুবদের প্রশিক্ষণে সনদ প্রদান


যুবদের প্রশিক্ষন


যুবদের নিয়ে ফুটবল টুর্নামেন্ট


যুবদের নিয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান


যুবদের উপদেষ্টা আনোয়ার জাহিদ কর্তৃক শুভেচ্ছা উপহার


যুবদের ক্রীড়া শেষে পুরস্কার বিতরণ

## যুবদের স্ব-উদ্যোগে বাস্তবায়িত সামাজিক কার্যক্রম



ভাঙ্গা ইট দিয়ে রাস্তার গর্ত ভরাট



হতদরিদ্র ব্যাক্তিদের বিনামুল্যে ধান কেটে দেয়া

### ওয়ার্ড কমিটি গঠন প্রক্রিয়া:

ভূমিকা: প্রত্যেক ওয়ার্ডের ইউনিয়ন পরিষদকে সভাপতি করে ১১জন সদস্যর একটি কমিটি(সমৃদ্ধি কর্মসূচির একজন স্বাস্থ্য-পরিদর্শক , ১ জন যুব প্রতিনিধি, ১ জন সিনিয়র সিটিজেন প্রতিনিধি সহ এলাকার প্রাথমিক স্কুলেরশিক্ষক, মাদ্রাসার শিক্ষক, মসজিদের ইমাম এবং স্থানীয় গন্যমান্য ব্যাক্তিগন) গঠন করা হয়েছে। একটি ইউনিয়নে মোট ৯টি কমিটি গঠন করা হয়েছে। সকল কমিটির সভায় সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা বৃন্দ, ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য গন পর্যবেক্ষক হিসাবে উপস্থিত ছিল। ইউনিয়ন পরিষদ সদস্য এ কমিটির সভাপতির দায়িত্ব পালন করেছেন।

উদ্দেশ্য:

১. বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক, এসিডনিক্ষেপ/প্রয়োগইত্যাদি প্রতিরোধ কার্যকরি ভুমিকা গ্রহণ করা,
২. শিক্ষা, স্বাস্থ্য-সেবা কার্যক্রমকে সফল করতে কার্যকরী ভুমিকা পালন করা,
৩. ন্যায়নীতি ও আদর্শিক সমাজ কাঠামে ানির্মানে সহায়তা করা।

কমিটির সদম্যদের নিয়ে প্রতিটি ওয়ার্ডে একটি করে মোট ৯টি দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পর্যায়ের সকল কমিটির সদস্যদের নিয়ে ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয়।

### বাস্তবায়িত কার্যক্রমের ছবি:



ষান্মাসিক সমন্বয় সভা



দ্বি-মাসিক সমন্বয় সভা

### সমৃদ্ধি কার্যক্রমের আওতায় অবকাঠামো উন্নয়ন

- ১৯টি ধর্মীয় প্রতিষ্ঠানে পাকা ল্যাট্রিন নির্মাণে সহায়তা প্রদান,
- ৬টি কাঠের পোল/বাঁশের সাঁকো ও রিং কালভার্ট নির্মাণ,
- ইউনিয়নকে ভিক্ষুকমুক্ত রাখতে ৬জন ভিক্ষুককে পূনর্বাসন করা হয়। তাদেরকে অবস্থার পরিপেক্ষিতে বাছুরসহ গরু, মটর চালিত ভ্যান, চায়ের দোকান দিয়ে দেয়া হয়।

- পারিবারিক ল্যাট্রিন বিতরণ ৪০০টি,
- ৮টি সমৃদ্ধি কেন্দ্রঘর নির্মাণ ও আসবাবপত্র বিতরন,
- সমৃদ্ধি কেন্দ্রঘরে পাকা ল্যাট্রিন নির্মাণ ৮টি,
- সমৃদ্ধি কেন্দ্রঘরে গভীর নলকূপ স্থাপন ১০টি,
- গভীর নলকূপ পার্শ্বে প্লাটফর্ম নির্মান ৮টি,

## উদ্যোগ উন্নয়ন কার্যক্রম

- কাজিরচর শাখায় ২০টি সমৃদ্ধি বাড়ি তৈরী করা হয়, প্রতিটি বাড়িতে ৫টি করে ফলজ, বনজ ও ঔষধী গাছ বিতরণ করা হয়।
- শাক সবজি চাষ, মৎস চাষ, গরু মোটাতাজা করণ, হাঁস-মুরগী পালন, উন্নত পদ্ধতিতে ছাগল পালন বিষয়ক আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণ-২১টি- উপস্থিতির সংখ্যা-৪৮৬ জন।













## ৪। অন্যান্য কার্যক্রম..

### উদ্যমী সদস্য পুনর্বাসন কার্যক্রম;

পিকেএসএফ তার বিশেষ কর্মসূচি' সমৃদ্ধির 'মাধ্যমে "উদ্যোমী সদস্য পূনর্বাসন নামে একটি কার্যক্রম শুরু করে। কার্যক্রমটির আওতায় পুনর্বাসনের জন্য নির্বাচিত প্রত্যেক ভিক্ষুককে পিকেএসএফ থেকে সর্বমোট ১ লক্ষ টাকার অনুদান বরাদ্দ দেওয়া হয়। পিকেএসএফ-এর সহযোগী সংস্থা আইসিডিএ সদস্য নির্বাচন, নির্বাচিত সদস্যর সাথে আলোচনা সাপেক্ষে পূনর্বাসন পরিকল্পনা প্রনয়ন ও পিকেএসএফ-এর অনুমোদন সাপেক্ষে উপযুক্ত আয়বৃদ্ধিমুলক কার্যক্রমে সম্পৃক্ত করা হয়েছে। আয়বৃদ্ধিমুলক কার্ক্রেমে সম্পৃক্ত করার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিবারের সদস্যদের শিক্ষা, দক্ষতা, পূর্বে কাজের অভিজ্ঞতা ইত্যাদি প্রধান্য দেওয়া হয়েছে।

**লক্ষ্য: ভিক্ষাবৃত্তি রোধ করে স্বাবলম্বি করে গড়ে তোলা।**

**উদ্দেশ্য:**

১. আয়বৃদ্ধিমুলক কাজে নিয়োজিত থাকা,
২. সমাজে গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পাওয়া,
৩. স্বাবলম্বী হয়ে জীবন যাপন করা।

**উদ্যোমী সদস্যদের বিবরন:**

| ক্রম | নাম | ঠিকানা | অর্থ বছর | সম্পদ বিতরন |
|---|---|---|---|---|
| ০১. | এসকান্দার চাপরাশি<br>পি: হাকিম উদ্দিন চাপরাশি | গ্রা: বাহাদুরপুর (৯নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৫-১৬ | গরু ২টি ও গরুর ঘর ১টি ,চায়ের দোকান। |
| ০২. | আলমতাজ<br>স্বামী;মৃত কালাম হা: | গ্রা: বরইয়া (৪নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৫-১৬ | গরু ২টি ও গরুর ঘর ১টি, অটো ভ্যানগাড়ি ১টি। |
| ০৩. | হাছেনবানু<br>স্বামী: মৃত আমজেদ আরী সরদার | গ্রা: বাহাদুরপুর (৮নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৬-১৭ | বাছুরসহ গরু ৪টি ও গরুর ঘর ১টি |
| ০৪. | আলমতাজ<br>স্বামী; মৃত তোফেল মহলদার | গ্রা: রাগুয়া (৩নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৬-১৭ | গরু ২টি ও গরুর ঘর ১টি, অটো ভ্যানগাড়ি ১টি। |
| ০৫. | ছালেহা<br>মৃত: গনি ব্যাপারী | গ্রা: রাগুয়া (৩নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৭-১৮ | গরু ২টি ও গরুর ঘর ১টি, অটো ভ্যানগাড়ি ১টি। |
| ০৬. | মানসুরা<br>স্বামী: রব হাওলাদার | গ্রা: রাগুয়া (৩নং ওয়ার্ড)<br>পো: কাজিরচর, মুলাদী। | ২০১৭-১৮ | গরু ১টি ও গরুর ঘর ১টি ,চায়ের দোকান ১টি। |

## পুনর্বাসিত উদ্যোমী সদস্য আলমতাজের স্বপ্নপূরণ

| নাম | আলমতাজ |
|---|---|
| সংস্থার নাম | সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ) |
| ইউনিয়ন | কাজিরচর |
| উপজেলা | মুলাদী |
| জেলা | বরিশাল |
| পুনর্বাসন অর্থবছর | ২০১৫-১৫ অর্থবছর |
| পুনর্বাসনের সময় উপকরণ | ১টি বাছুরসহ গরু, গরুর ঘর, গরুর ১ মাসের খাবার, ব্যাটারী চালিত ভ্যান |
| বর্তমান বিদ্যমান উপকরণ | ১/ গরুর ঘর, ২/ বাছুরসহ একটি গরু ৩/ অটো গাড়ী |

**ভূমিকা:** বরিশাল জেলার মুলাদী উপজেলার কাজিরচর ইউনিয়নের (৪ নং ওর্য়াড) বরইয়া গ্রামের উদ্যোমী সদস্য আলমতাজ। আলমতাজ-এর স্বামী মৃত মো: কাদের একটি ছেলে ও একটি মেয়ে রেখে ৩০ বছর আগে মারা যায়। আলমতাজের স্বামী কাদের হাওলাদার দিনমজুরের কাজ করে প্রতিনিয়ত যা আয় করত তা দিয়ে চলে যেত তাদের ছোট্ট সংসার। তাঁদের ২ শতাংশ জমি ছিল। তার মধ্যেই ছোট একটি ঘরে ছিলো তাঁদের বসবাস।

**ঘটনার বিবরণ:** একদিন অনাকাঙ্খিতভাবে মো: কাদের হাওলাদার সুপারি পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে যায়। পড়ে গিয়ে তাঁর হাত-পা দুটিই ভেঙ্গে যায়। আলমতাজের মাথায় যেন আকাশ ভেঙ্গে পড়লো। তখন মো: কাদের হাওলাদার আর কাজ করতে পারছে না। কাজ করতে না পারার কারণে সংসারে নেমে আসে চরম দুর্ভোগ। এভাবে দীর্ঘ ৮ বছর স্বামী মো: কাদের হাওলাদার বিছানায় পড়ে থাকার কারণে একদিকে স্বামীর চিকিৎসার খরচ এবং অন্যদিকে সংসার পরিচালনা করা একবারে অসম্ভব হয়ে পড়ে।

এমন পরিস্থিতিতে আলমতাজের বেকার ছেলে আনিছ হাওলাদার ১৫ বছর বয়সে হঠৎ বিয়ে করে বসে। ফলে



সংসারে লোকসংখ্যা বৃদ্ধি পাওয়ায় চরম সংকটে পরে যান আলমতাজ । বছর ঘুরতেই হতদারিদ্র আলমতাজের সংসারে আসে নতুন অতিথি নাতী সোহাগ। নতুন অতিথি আসার কিছুদিন পরেই দায়িত্বজ্ঞানহীন বেকার ছেলে আনিছ হাওলাদার সংসার ও স্ত্রী-সন্তানের কোনরুপ দায়িত্ব না নিয়ে অন্য স্থানে গিয়ে গোপনে আরো একটি বিয়ে করে সেখানেই অবস্থান করা শুরু করেন। ঘটনার আকর্ষিকতায় দারুন হোচট খেয়ে আলতাজের পৃথিবী অন্ধকার হয়ে আসে।

**পূনর্বাসনের পূর্বে আর্থিক ও সামাজিক অবস্থা:** দীর্ঘদিন ধরে অসুস্থ স্বামীর চিকিৎসার খরচ বহন করে নি:স্ব হয়ে যাওয়া, স্বামীর কর্মক্ষমতা হারিয়ে ফেলা এবং স্ত্রী-সন্তান রেখে ছেলের সংসার ত্যাগ আলমতাজের জন্য সবাইকে নিয়ে বেঁচে থাকার যেন কোন উপায় আর রইলো না। নীরুপায় আলমতাজ আকাশের দিকে তাকিয়ে ভাবে জন্মই আমাদের আজন্ম পাপ। সংসারের খাবার জোগাড় করা খুবই কষ্টকর হয়ে পড়ছে। এছাড়া চারিদিকে ধার-দেনা ফলে পাওনাদারদের টাকা চাওয়া ও দূর্ব্যবহার এসবকিছু মিলে দিশেহারা হয়ে পড়ছে আলমতাজ । পরিবারের সদস্যদের জন্য তিন বেলা খাবার জোগাড় করতে না পারা, মানুষের পাওনা টাকা পরিশোধের চাপ আলতাজকে মারাত্মকভাবে পিড়া দেয়। তাই এক পর্যায়ে সামাজিক ও লোকলজ্জাকে উপেক্ষা করে পরিবারের মুখে খাবার জোগাতে বাধ্য হয়ে বেছে নেন ভিক্ষাবৃত্তি। শুরু হলো বেঁচে থাকার নতুন সংগ্রাম। সারাদিন ভিক্ষা করে যা পায় তা দিয়ে কোনরকমে সংসার চলে। ভাগ্যের কি নির্মম পরিহাস এরই মধ্যে স্বামী মো: কাদের হাওলাদার দীর্ঘ ৮ বছর ধরে বেঁচে থাকার লড়াইয়ে হেরে গিয়ে তাঁর জীবনের শেষ নিশ্বাস ত্যাগ করেন।

